

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩ ১৮৩
বিশ্রামগঞ্জ, ২৫ মার্চ, ২০২৫

সিপাহীজলায় মিশন সংকল্পের পর্যালোচনা সভা

সম্প্রতি সিপাহীজলা জেলার জেলাশাসক ও সমাহর্তা কার্যালয়ের কনফারেন্স হলে অপ্রাপ্ত বয়স্ক বালিকাদের বিবাহ রোধ, অপ্রাপ্ত বয়স্ক মেয়েদের অন্তঃস্বত্ত্বা প্রতিকার, ছাত্র-ছাত্রীদের ড্রপ আউট বন্ধ করা সহ বিভিন্ন বিষয়ে মিশন সংকল্পের এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। পর্যালোচনা সভায় জেলা, মহকুমা ও ব্লকস্তরের আধিকারিক ও কর্মচারীগণ অংশ নেন। সভায় সিপাহীজলা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি ‘বেটি বাঁচাও, বেটি পড়াও’ এর সফল বাস্তবায়নে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। সভায় চাইল্ড ওয়েলফেয়ার কমিটির আধিকারিক জানান, গত ফেব্রুয়ারি মাসে সিপাহীজলা জেলার বিশালগড় ব্লকে ৪টি, নলছড় ব্লকে একটি এবং মোহনভোগ ব্লকে একটি বাল্যবিবাহের ঘটনায় ৩ জন নাবালিকাকে নিজ নিজ বাড়িতে ও ৩ জন নাবালিকাকে হোমে পাঠানো হয়েছে।

সভায় অন্যান্যদের মধ্যে সিপাহীজলা জেলার অ্যাসিস্ট্যান্ট কালেক্টর দ্বিজ গোয়েল, জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা রিঙ্কু লাথের, অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা উপেন্দ্র জমাতিয়া, জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক চিরঞ্জীব আনন্দ সহ সিপাহীজলা জেলার জেলা স্বাস্থ্য আধিকারিক, জেলা শিক্ষা আধিকারিক, চাইল্ড ওয়েলফেয়ার কমিটির সদস্য-সদস্যগণ উপস্থিত ছিলেন।
